

দেশ ও বিদেশের শ্রমবাজারের ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে অর্থ মন্ত্রণালয়ের অর্থবিভাগের সহায়তায় SEIP প্রজেক্ট ৫ বছরের মধ্যে ১ লক্ষ গাড়ী চালককে দক্ষ করে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রকল্পকে সফল করে তুলতে বিএমইটি, বিআরটিএ, বিআরটিসি, পরিবহন পুল ইত্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্রিয় অংশীদারিত্ব নিশ্চিত করা হয়েছে। এ লক্ষ্য অর্জনে বিপুল সংখ্যক অভিজ্ঞ ড্রাইভিং প্রশিক্ষক প্রয়োজন। তাই প্রকল্প পরিকল্পনায় মোটর ড্রাইভিং কোর্সের প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিওটি)কে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। টিওটির প্রথম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানটি গত ২২ অক্টোবর, ২০১৭ রবিবার বিকেলটিসি, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচীর শুভ উদ্বোধন করেন। জনাব আব্দুর রউফ তালুকদার, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ এবং SEIP প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন। টিটিসি ও বিআরটিসির প্রশিক্ষণ কেন্দ্রের ১০০ জন ড্রাইভিং প্রশিক্ষক ৪দিন মেয়াদী প্রশিক্ষণে প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৫টি ব্যাচে এ প্রশিক্ষণ গ্রহণ করবে। প্রশিক্ষণ শেষে এ সকল অভিজ্ঞ প্রশিক্ষক “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেনেন্স” এবং “হেভি ভিহিক্যাল ড্রাইভিং” প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য নিজ নিজ প্রতিষ্ঠানে নিযুক্ত হবে।





